সমকাল

তারিখ 05 JAN 2016
পৃষ্ঠা 2 কলাম 6

# কোনো সরকারি কলেজে ক্লাস হয়নি

## আজও কর্মবিরতি

■ সমকাল প্রতিবেদক

অধ্যাপকদের পদ আপগ্রেড, সিলেকশন গ্রেড ও টাইম স্কেল পুনর্বহাল, ব্যাচভিত্তিক পদোন্নতি চালুসহ পাঁচ দফা দাবিতে গতকাল সোমবার থেকে দু'দিনের সর্বাত্মক কর্মবিরতি পালন করছেন সরকারি কলেজের শিক্ষকরা। তাদের কর্মসূচির কারণে গতকাল সারাদেশের ৩০৫টি সরকারি কলেজে কোনো ক্লাস বা পরীক্ষা হয়নি। সব শিক্ষা বোর্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি), পাঠ্যপুস্তক বোর্ড, নায়েমসহ বেশ কিছু প্রতিষ্ঠানে আংশিক কাজ করেছেন বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডারের কর্মকর্তারা।

সরকারি কলেজ শিক্ষকদের সংগঠন 'বিসিএস সাধারণ শিক্ষা সমিতি'র ডাকে এ কর্মসূচি পালিত হয়। সমিতির মহাসচিব আই কে সেলিম উল্লাহ খোন্দকার গতকাল সমকালকে বলেন, সারাদেশে স্বতঃস্ফূর্তভাবে শিক্ষকরা কর্মবিরতি পালন করেছেন। কালও (আজ মঙ্গলবার) তাদের এ কর্মসূচি চলবে।

উল্লেখ্য, দেশে বর্তমানে সরকারি কলেজ রয়েছে ৩০৫টি। এতে কর্মরত রয়েছেন প্রায় ১৩ হাজার শিক্ষক।